

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৩.২৩-১৮৬৬

তারিখ: ১২ পৌষ ১৪৩০  
২৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: রাজশাহী জেলার কাঁকনহাট পৌরসভায় মার্কেট নির্মাণ এবং বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট ও পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট স্থাপনের লক্ষ্যে জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: কাঁকনহাট পৌরসভা, রাজশাহী হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-৩৩৫, তারিখ: ২৬ নভেম্বর ২০২৩খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে কাঁকনহাট পৌরসভায় মার্কেট নির্মাণ, বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট স্থাপনের লক্ষ্যে ব্যক্তি মালিকানাধীন নিম্ন তফসীলভুক্ত জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে:

বিষয়	মৌজা ও জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির শ্রেণী	জমির পরিমাণ
মার্কেট নির্মাণ	সুন্দরপুর-১১৩	আরএস-৪২	৮৯০	ধানী	০.৮০০ একর
বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট	রসুলপুর কুমেদপুর-১৩৬	আরএস-৭১৫	৬৯৮	ধানী	০.৫০০০ একর

২। এমতাবস্থায়, রাজশাহী জেলার কাঁকনহাট পৌরসভায় মার্কেট নির্মাণ এবং বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট ও পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট স্থাপনের লক্ষ্যে জমি ক্রয়ের প্রস্তাব বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্যসহ সরেজমিন পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- প্রস্তাবিত ভূমির মালিকানা, বর্তমান ব্যবহার, সরকারি মৌজামূল্য ও বাজারমূল্য;
- জমি ক্রয়ের ব্যয় কিভাবে নির্বাহ করা হবে এ সংক্রান্ত পৌর পরিষদের সিদ্ধান্ত;
- পৌরসভার বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের তথ্য;
- পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতা, পিএফ, জিএফ বকেয়া রয়েছে কিনা;
- বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) হতে ঋণ গ্রহণ করা হয়েছে কিনা; থাকলে গৃহীত ঋণের বিপরীতে নিয়মিত কিস্তি পরিশোধ করা হয়েছে কিনা (প্রমাণকসহ তথ্য);
- জমি ক্রয় এবং মার্কেট নির্মাণ করা হলে কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতা প্রদানে প্রতিবন্ধকতা হবে কিনা;
- পৌর সুপার মার্কেট নির্মাণের ব্যয় কিভাবে নির্বাহ করা হবে এ সংক্রান্ত পৌর পরিষদের সিদ্ধান্ত;
- প্রস্তাবিত স্থানে মার্কেট নির্মাণ লাভজনক হবে কিনা;
- প্রস্তাবিত মার্কেটের ডিজাইন ও ব্যয় প্রাক্কলন;
- মার্কেট নির্মাণ করা হলে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে কিনা ইত্যাদি
- প্রস্তাবিত ভূমিতে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট নির্মাণের উপযোগী হবে কিনা;
- প্রস্তাবিত ভূমিতে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং পয়ঃবর্জ্য টিটমেন্ট প্লান্ট নির্মাণ করা হলে পরিবেশগত প্রভাব পড়বে কিনা;

সংযুক্তি: বর্ণনামতে।

  
২৭/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

উপপরিচালক, স্থানীয় সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- জেলা প্রশাসক, সুনামগঞ্জ
- মেয়র, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- অফিস কপি।